

দৈনিক ইক্কিলাব

তারিখ
পৃষ্ঠা ৬ ... কলাম ... ৪

বিশ্ববিদ্যালয় শিক্ষকের বাসা থেকে ৫ ছাত্রলীগ ক্যাডার গ্রেফতার

ঢাকা রিপোর্টার্স ইউনিটির পুলিশ পতকাল (মঙ্গলবার) ভোরে ওজাবাদের পিচভ্যালী এপার্টমেন্ট ভবনের দোতলা থেকে ৫ ছাত্রলীগ ক্যাডারকে গ্রেফতার করেছে। এরা হচ্ছে সালাহউদ্দীন রবীন, সোহরাব হোসেন মনির, গাজী শহীদুর রহমান, লিটন ও সাদেক আলী নয়ন। পুলিশ জানায়, বাসাটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন মহিলা শিক্ষকের। ওই বাসায় প্রায়ই গ্রেফতারকৃতরা রাত যাপন করতো। এ ছাড়া আরো অনেকের আনাগোনা রয়েছে এখানে। গ্রেফতারকৃতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। তারা অসংলগ্ন কথাবার্তা বলছে। বাসার মালিকও কোন সদুত্তর দিতে পারেনি। তাদের সম্পর্কে বিস্তারিত বোঝা-ধর নেয়া হচ্ছে বলে পুলিশ জানায়।